# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 24-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) রাজ্যে দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযানের আজ বিকেল ৫ টায় সমাপ্তি । রাজ্যের ৫টি আসন শিলচর,করিমগঞ্জ দরং-ওদালগুড়ি ,ডিফু ও নগাঁওয়ে মোট ৬১ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা ।

২) তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনকে নিয়ে প্রচার অভিযান অব্যাহত । এই পর্যায়ে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলে এক হাজার ৩৫১ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা ।

এবং

৩) রাজ্যের দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনকে নিয়ে নির্বাচন কমিশনের প্রস্তুতি সম্পূর্ণ । শিলচর ও করিমগঞ্জ জেলার দূরবর্তী ভোটগ্রহণ কেন্দ্রগুলির উদ্দেশ্যে প্রিসাইডিং ও পোলিং আধিকারিক সহ অন্যান্য আধিকারিকরা রওয়ানা ।

------------------------------------------------------------------------------

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেল ৫ টায় সমাপ্ত হয়েছে ।প্রচার অভিযানের আজ শেষ দিনে বিভিন্ন রাজনৈতিক দল তাদের নিজ নিজ নিজ প্রার্থীর সমর্থনে ব্যাপক প্রচার চালায় ।এই পর্যায়ে রাজ্যের ৫

টি লোকসভা আসন শিলচর , করিমগঞ্জ , নগাঁও ,দরং-ওদালগুরি ও ডিফু লোকসভা আসনে মোট ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ।এদিকে আজ দ্বিতীয় পর্যায়ের প্রচার অভিযানের শেষ দিনে বিজেপির প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল করিমগঞ্জ লোকসভা আসনের এন ডি এ প্রার্থী কৃপানাথ মালহার হয়ে সুপ্রাকান্দিতে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শাসনকালে জাতীয় সড়ক থেকে আরম্ভ করে রেলপথ সব ক্ষেত্রেই উন্নয়ন হয়েছে ।

বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দরং-ওদালগুরি লোকসভা আসনের এন ডি এ প্রার্থী দিলীপ শইকিয়ার হয়ে আজ মাজবাট , কমলপুর সহ জালুকবারীতে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন ।মুখ্যমন্ত্রী মাজবাটের রাজীব গান্ধী ক্রীড়া প্রকল্পে আয়োজিত সভায় তাঁর ভাষণে আগামী জুলাই মাসে রাজ্যে ৫০ হাজার যুবক যুবতিকে সরকারী চাকুরীতে নিযুক্তি দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেন ।ডঃ শর্মা লাহরিঘাটে নগাঁও আসনের বিজেপি প্রার্থী সুরেশ বরার হয়ে প্রচারে অংশ নিয়ে কংগ্রেস দলের সমালোচনা করেন ।মন্ত্রী পীযুষ হাজারিকা আজ নগাঁও লোকসভা আসনের অধীন ধিংয়ে বিজেপি প্রার্থী সুরেশ বরার পক্ষে প্রচার চালান ।

এদিকে কংগ্রেস দল আজ নওগাঁওয়ে দলের প্রার্থী প্রদ্যুৎ বরদলৈয়ের সমর্থনে একটি রোড শোয়ের আয়োজন করে। এতে দলের প্রবীণ নেতা রকিবুল হুসেন , সাংসদ গৌরব গগৈ , রাইজর দলের সভাপতি অখিল গগৈ ,অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিণজ্যোতি গগৈ , বিধায়ক রেকিব উদ্দিন আহমেদ সহ বেশ কয়েকজন নেতা কর্মীরা অংশগ্রহণ করেন ।নগাঁও জেলার ধিং ধূপগুরিতে আজ অন্য আরেকটি প্রচার সভায় প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরা , বটদ্রবার বিধায়ক শিবামণি বরা ভাষণ দেন ।এদিকে করিমগঞ্জ লোকসভা আসনের অধীন গণিরগ্রাম ও ফুলবারীতে আজ ভারতীয় জাতীয় কংগ্রেস দলের প্রার্থী হাফিজ রশিদ আহমেদ চৌধুরীর পক্ষে প্রচার সভা অনুষ্ঠিত হয় ।সভায় বিধায়ক খলিল উদ্দিন মজুমদার ,এপিসিসির সম্পাদক শরিফুজ্জামান লস্কর সহ কংগ্রেস দলের নেতারা দলীয় প্রার্থীকে জয়ী করার আহ্বান জানান ।এ আই ইউ ডি এফ প্রধান বদরউদ্দিন আজমল এবং বি পি এফ প্রধান হাগ্রামা

মহিলারীও আজ বিভিন্ন স্থানে প্রচারে অংশগ্রহণ করেন ।এদিকে করিমগঞ্জ জেলার ফকিরা বাজারে আজ এ আই ইউ ডি এফ দলের প্রার্থী সাহাবুল ইসলাম চৌধুরীর সমর্থনে প্রচারসভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় দলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যে দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল অর্থাৎ শুক্রবার ৫ টি আসনের জন্য অনুষ্ঠেয় নির্বাচনে ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই পর্যায়ে ৭৭ লক্ষেরও অধিক ভোটদাতা গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করবেন । উল্লেখ্য সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে আসামে প্রায় ২ কোটি ৪৩ লক্ষ ভোটদাতা এবার ভোটাধিকার সাব্যস্ত করতে পারবেন ।এরমধ্যে ১ কোটি ২১ লক্ষ ৭৯ হাজারেরও অধিক পুরুষ এবং ১ কোটি ২১ লক্ষ মহিলা ভোটদাতা রয়েছেন । প্রথমবারের জন্য ভোটদাতার তালিকায় অর্ন্তভুক্ত ৭ লক্ষ ২৬ হাজার ৭৮৩ জন ভোটদাতা রয়েছেন । এদিকে রাজ্যে ৮০ বছরের উর্দ্ধে ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ৭২ হাজারেরও অধিক । রাজ্যে অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত ডিফু সংসদীয় আসনে সর্বনিম্ন ৮ লক্ষ ৯২ হাজার ৭৮৯ জন এবং ধুবরী আসনে সর্বাধিক ২৬ লক্ষ ৪৩ হাজারেরও অধিক ভোটদাতা রয়েছেন । এদিকে রাজ্যে তিনটি পর্যায়ে মোট ২৬৬ টি আদর্শ ভোটগ্রহণ কেন্দ্র থাকবে ।অন্যদিকে দিব্যাঙ্গ আধিকারিক দ্বারা পরিচালিত ৩৬টি এবং মহিলা আধিকারিক দ্বারা পরিচালিত এক হাজার ৫৫১ টি ভোটগ্রহণ কেন্দ্র থাকবে । উল্লেখ্য বিধানসভা এলাকা পুনরনির্ধারণের পর এবার প্রথমবারের জন্য আসামে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------

এদিকে তৃতীয় পর্যায়ে রাজ্যে চারটি আসনে অনুষ্ঠেয় নির্বাচনের প্রচার অভিযান অব্যাহত রয়েছে ।মন্ত্রী অশোক সিংহল আজ গুয়াহাটী আসনের বিজেপি মিত্রজোঁটের প্রার্থী বিজুলী কলিতা মেধির সমর্থনে এক রোড শোয়ে অংশগ্রহণ করেন ।কংগ্রেস দলের প্রার্থী মীরা বরঠাকুর গোস্বামী আজ গুয়াহাটী লোকসভা আসনের অধীন বিভিন্ন স্থানে প্রচার চালান ।

উল্লেখ্য আগামী ৭ মে তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১ হাজার ৩৫১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।এই পর্যায়ে ২ হাজার ৯৬৩ জন প্রার্থী ৯৫ টি লোকসভা আসনের জন্য মনোনয়ন দাখিল করেছেন । এদিকে আসামে এই পর্যায়ে ৪৭ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক অনুরাগ গোয়েল আজ বরপেটা ও বজালিতে উপস্থিত হয়ে তৃতীয় পর্যায়ের নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখেন ।

---------------------------------------------------------------------------

অরুণাচলপ্রদেশের চারটি বিধানসভা আসনের আটটি ভোটগ্রহণ কেন্দ্রে বিধানসভা ও লোকসভা নির্বাচনের পুনরায় ভোটগ্রহণ আজ শান্তিপূর্নভাবে শেষ হয়েছে । সকাল ৬ টা থেকে দুপুর দুটো পর্যন্ত ভোটগ্রহণ করা হয় । ভোটগ্রহণ সম্পূর্ন  হবার সঙ্গে সঙ্গে এই কেন্দ্রগুলিতে ১৭-এ প্র-পত্র পরীক্ষা করা হয় । উল্লেখ্য এই ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে গত ১৯ শে এপ্রিল বিধানসভা ও লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হলেও  নির্বাচন কমিশন পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দেবার পরিপ্রেক্ষিতে রামেং ও নিয়াপিন বিধানসভা আসনের একটি করে ভোটগ্রহণ কেন্দ্র ,রুমগং আসনের দুটি এবং নাস বিধানসভা আসনের চারটি কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের জন্য মনোনয়ন পত্র দাখিল প্রক্রিয়ার আগামীকাল সমাপ্তি হবে । শুক্রবার মনোনয়নগুলি পরীক্ষা করা হবে এবং ইচ্ছুক প্রার্থীরা ২৯ এপ্রিল পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন । চতুর্থ পর্যায়ে উত্তর প্রদেশ , মধ্যপ্রদেশ ,মহারাষ্ট্র ,বিহার ,ঝাড়খন্ড,ওড়িশা ,পশ্চিমবঙ্গ ,অন্ধ্রপ্রদেশ ,তেলেংগানা ও জম্মু-কাশ্মীরের ৯৬ টি আসনের জন্য আগামী ১৩ মে ভোটগ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------

দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযানের সমাপ্তি হবার সঙ্গে সঙ্গে ভোটগ্রহণের জন্য সংশ্লিষ্ট নির্বাচনী জেলাগুলিতে প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হয়েছে । নির্বাচন কমিশনের নির্দেশ মর্মে প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের

সুবিধার্থে সব ব্যাবস্থা গ্রহণ করা সহ ৫০ শতাংশ ভোটকেন্দ্রে ওয়েব কাস্টিংয়ের ব্যাবস্থা করা হবে ।এছাড়া প্রবীণ নাগরিক ,সন্তানসম্ভবা ও প্রসূতি মায়েদের জন্য অধিক সময় অপেক্ষা না করে ভোটদানের সুবিধা থাকবে । ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে দিব্যাঙ্গদের জন্য র‍্যাম্প সহ পানীয় জল ,বিদ্যুত ইত্যাদি সরবরাহ নিশ্চিত করা হয়েছে । এবার দৃষ্টিহীন ভোটদাতাদের জন্য ব্রেইল পদ্ধতিতে ভোটদানের সুবিধা রাখা হয়েছে । এদিকে করিমগঞ্জ সংসদীয় আসনের জন্য জেলা নির্বাচনী আধিকারিক মৃদুল যাদব আজ নির্বাচনের চূড়ান্ত পর্যায়ের সম্পর্কে এক সাংবাদিক সম্মেলনে অবগত করেন ।তিনি নির্বাচনে নিয়োজিত আধিকারিক -কর্মচারী সহ রাজনৈতিক দল ,প্রার্থী ও ভোটদাতাদের নির্বাচন সম্পর্কীত নীতি-নির্দেশ মেনে চলার আহ্বান জানান ।এদিকে দূরবর্তী ভোটকেন্দ্রগুলিতে নিয়োজিত আধিকারিক কর্মচারীদের মধ্যে প্রয়োজনীয় সামগ্রী বিতরণ আজ আরম্ভ হয়েছে । করিমগঞ্জ জেলার এক হাজার ৫৮টি ভোটকেন্দ্রের মধ্যে ৮৩ টির জন্য নিয়োজিত আধিকারিক কর্মচারীরা ইতিমধ্যে প্রয়োজনীয় সামগ্রী লাভ করেছেন ।

---

করিমগঞ্জ লোকসভা আসনের নির্বাচন সুষ্টভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ কলেজের মাঠ থেকে ৮৩টি কেন্দ্রের ভোট কর্মীরা আজ বিকেল তিনটের মধ্যে গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । এরমধ্যে পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ৩৬টি ভোট কেন্দ্র , রামকৃষ্ণ নগর বিধানসভা কেন্দ্রের ৪৭টি ভোট কেন্দ্র রয়েছে । উল্লেখ্য করিমগঞ্জ জেলার চারটি বিধানসভা কেন্দ্রে মোট নয় লক্ষ ৩৫ হাজার ৮শ ১৩ জন ভোটার রয়েছেন । এরমধ্যে পুরুষ ভোটার চার লক্ষ ৭৫ হাজার তিনশ তিন জন এবং মহিলা ভোটার ৪ লক্ষ ৬০ হাজার ৪শ ৯৯ জন । তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন ।

এদিকে শিলচর লোকসভা আসনের ধলাই , কাটিগড়া এবং লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের প্রত্যন্ত অঞ্চলের মোট ৬৪৮টি ভোট কেন্দ্রের জন্য ভোট কর্মীরা আজ রামনগর আই এস বি টি থেকে গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । এরমধ্যে ধলাই-র ২০৬টি , লক্ষীপুরের ১৯৫টি এবং কাটিগড়ার ২৪৭টি ভোট কেন্দ্র রয়েছে ।

---

লোকসভা নির্বাচনের প্রস্তুতির বিষয় নিয়ে আজ হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক সাংবাদিকদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকের আয়োজন করা হয় ।বৈঠকে জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম জানান করিমগঞ্জ লোকসভা আসনের অধীন হাইলাকান্দি জেলার ৬০২ টি ভোটকেন্দ্রে আগামী ২৬ সে এপ্রিল জেলার প্রায় ৪ লক্ষ ৭৬ হাজার ভোটদাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করবেন ।জেলা আয়ুক্ত জানান যে এই নির্বাচন সুষ্ঠু , অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য জেলায় পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ  করা হয়েছে ।জেলায় পুলিশের অতিরিক্ত ১৩টি কোম্পানী নিয়োজিত করা হয়েছে বলেও তিনি জানান । তিনি জানান যে জেলার ৬০২ টি ভোট কেন্দ্রের মধ্যে ১৬২ টি স্পর্শকাতর হিসেবে শনাক্ত করা হয়েছে ।জেলার ভোটকেন্দ্রগুলোকে ২১ টি জোনে ভাগ করে নিরাপত্তা বাহিনী ও নির্বাচন আধিকারীকদের মোতায়েন করা হবে বলে জেলা আয়ুক্ত জানান ।এছাড়া আগামীকাল জেলার ভিক্টরিয়া মেমোরিয়েল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় থেকে ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে সংশ্লিষ্ট ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা হবেন বলেও তিনি জানান ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম এক বিজ্ঞপ্তীতে জেলার দুটি বিধানসভা কেন্দ্রে আগামী ২৬শে এপ্রিল লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে সবেতন ছুটি ঘোষনা করেছেন । এদিন জেলার সব সরকারী-বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , চা বাগান , ব্যবসা-বানিজ্যিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ।

অনুরূপভাবে কাছাড় ও করিমগঞ্জের জেলা আয়ুক্তও এক বিজ্ঞপ্তীতে আগামী ২৬শে এপ্রিল জেলায় সবেতন ছুটি ঘোষনা করেছেন ।

---

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট লোকসভা নির্বাচন শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী দন্ডবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আজ বিকেল ৫টা থেকে আগামী ২৬শে এপ্রিল রাত ৮টা পর্য্যন্ত জেলায় দ্বি-চক্রযান , স্কুটার , মোটর সাইকেলে

পিছনে আরোহী নিয়ে চলাফেরা করা যাবে না । তবে বৃদ্ধ ব্যাক্তি , ১২ বছরের নিচের কোন শিশু , মহিলা এবং আইন-শৃংখলা রক্ষায় নিয়োজিত ব্যাক্তি , ম্যাজিষ্ট্রেট , পুলিশ ও সেনার ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না । এছাড়া কোন ব্যাক্তি বা গোষ্টী লাঠি , ধারালো অস্ত্র শস্ত্র , পটকা ,আতশবাজী নিয়ে চলাফেরা করতে পারবেন না । ভোটার তালিকায় নাম না থাকা কোন ব্যাক্তি , গোষ্টী , সংস্থা , সংগঠন ভোট কেন্দ্রের আশে-পাশে ঘোরা ফিরা করতে পারবেন না । অনুমতি ছাড়া সরকারী-বেসরকারী পোষ্টার, ব্যানার লাগানো যাবে না বলে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আসন্ন লোকসভা নির্বাচনে ভোট কর্মীদের যানবাহন সুষ্টভাবে চলাচলের জন্য আগামীকাল সকাল ৮টা থেকে দুপুর দুটো পর্য্যন্ত এবং আগামী ২৬শে এপ্রিল বিকেল চারটা থেকে রাত ১০টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের পি ডব্লউ ডি কোনা থেকে এ ও সি পয়েন্ট হয়ে ঘাট লাইন পর্য্যন্ত এবং এ ও সি পয়েন্ট থেকে পাথারকান্দি রেল গেইট ক্রসিং পর্য্যন্ত সড়কে  সব ধরনের ই-রিক্সা , ই-অটো ,এবং পেট্রল অটোর চলাচল সম্পূর্নরূপে বন্ধ থাকবে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---